

ফরম পূরণের বিজ্ঞপ্তি
এম.এস-সি ইন সিএসই ১ম সেমিস্টার-২০২৩
শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩

এতদ্বারা আই.এস.টির এম.এস-সি ইন সিএসই ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক ২১ জানুয়ারী ২০২৬ ইং তারিখ হতে ০১ ফেব্রুয়ারী ২০২৬ ইং তারিখের মধ্যে এম.এস-সি ইন সিএসই ১ম সেমিস্টার ২০২৩ পরীক্ষার অনলাইনে ফরম উত্তোলন ও আই.এস.টিতে জমাদানের সময় নির্ধারণ করা হয়েছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে অনলাইনে পূরনকৃত ফরম হিসাব শাখায় জমাদানের পূর্বে হিসাব শাখা ও লাইব্রেরী সেকশন হতে যাবতীয় পাওনাদি পরিশোধ সাপেক্ষে ছাড়পত্র সংগ্রহ করতে হবে। উক্ত তারিখের পর কোন ক্রমেই ফরম পূরণ করতে পারবেনা। এখানে উল্লেখ্য যে, ফরম উত্তোলনের পূর্বে হিসাব শাখা হতে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।

ছাত্র/ ছাত্রী কর্তৃক ফরম ফিলাপের নিয়মাবলী:

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণ এবং কলেজে জমাদানের তারিখ: ২১/০১/২০২৬ থেকে ০১/০২/২০২৬ পর্যন্ত।

খ) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (ems.nu.ac.bd) এ গিয়ে Student Login লিঙ্কে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে

- ১) বাম পাশের মেনুবার থেকে "Form Fillup" মেনুতে ক্লিক করে "APPLY NOW" বাটন এ ক্লিক করতে হবে।
- ২) "APPLY NOW" বাটন এ ক্লিক করার পর, ফরম ফিলাপের প্রয়োজনীয় তথ্য যেমনঃ পরীক্ষার বিষয় ইত্যাদি তথ্য দিয়ে "SUBMIT" বাটনে ক্লিক করলে একটি পপ-আপ মেনু আসবে।
- ৩) পপ-আপ মেনু থেকে ফরম ফিলাপ নিশ্চয়ন করার জন্য "YES" বাটনে ক্লিক করতে হবে অন্যথায় না চাইলে "CANCEL" বাটনে ক্লিক করতে হবে।

৪) "YES" বাটনে ক্লিক করার পর "APPLICATION FORM" ডাউনলোড করে প্রিন্ট কপি এবং পরীক্ষার নির্ধারিত ফি সহ স্ব স্ব কলেজ অফিসে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

৫) ফরম ফিলাপের সকল প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হলে "PAYMENT STATUS" PAID দেখাবে।

"APPLICATION FORM" ডাউনলোড করতে ভুলে গেলে করণীয়:

- ১) পুনরায় "Form Fillup" মেনুতে ক্লিক করে "APPLICATION FORM" বাটনে ক্লিক করে "APPLICATION FORM" ডাউনলোড করা যাবে

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: পরীক্ষার ফি ৬০০ X ৪ = ২৪০০/- টাকা+ কেন্দ্র ফি ৬০০/- টাকা সহ সর্বমোট: ৩০০০/- টাকা নগদ হিসাব শাখায় জমা দিতে হবে।

মান-উন্নয়ন পরীক্ষার ফি: প্রতি পত্র ১০০০/- টাকা, এবং কেন্দ্র ফি: ৬০০/- টাকা। ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা C, D এবং F গ্রেড প্রাপ্ত বিষয়ে এইবারেই মান-উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে পরবর্তীতে তাদের আর কোন সুযোগ দেয়া হবেনা। ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা শুধুমাত্র F গ্রেড বিষয়ে ফরম পূরণের সুযোগ পাবে।

স্বাক্ষরিত//

(লুৎফি হাবিবা)

সিএসই বিভাগীয় প্রধান ও কোর্স কো-অর্ডিনেটর,

এম.এস-সি ইন সিএসই ১ম সেমিস্টার

আই.এস.টি।

কপি প্রেরণ:

- ১। অধ্যক্ষ, আই.এস.টি।
- ২। পরিচালক (প্রশাসন), আই.এস.টি।
- ৩। চীফ প্রশাসনিক কর্মকর্তা, আই.এস.টি।
- ৪। হিসাব শাখা, আই.এস.টি।
- ৫। লাইব্রেরী শাখা, আই.এস.টি।
- ৬। আই.এস.টি নোটিশ বোর্ড।
- ৭। অফিস সেক্রেটারী (বিজ্ঞপ্তি আই.এস.টির ওয়েব সাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হল)।